গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
শিল্প ও সমন্বয়-২ শাখা

স্মারক নং: ২০.০৫.০০০০.৫১২.১৪.১৩১.১৮(অংশ-২).১০২

তারিখঃ ০২ পৌষ ১৪৩০ / ১৭ ডিসেম্বর ২০২৩

**প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার বিজ্ঞপ্তি**

পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য (সচিব) জনাব আবদুল বাকী-এর সভাপতিত্বে শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত নিম্নোক্ত প্রকল্পের বিষয়ে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) এর সভা নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| প্রকল্পের নাম | তারিখ ও সময় | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা |
|---|---|---|
| বিসিক মুদ্রণ শিল্পনগরী (২য় সংশোধিত) | ২৮/১২/২০২৩ খ্রি. (বৃহস্পতিবার)<br>সকাল ১০.৩০ টায়<br>শিল্প ও শক্তি বিভাগের সম্মেলন কক্ষ<br>(ব্লক-১০, রুম-০৪) | শিল্প মন্ত্রণালয়<br>বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন |

০২। সভার কার্যপত্র ও প্রস্তাবিত ডিপিপি (১ কপি) এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

১৭/১২/২০২৩

(উম্মে সায়মা)
উপপ্রধান
ফোনঃ ৯১৮০৮০১
ই-মেইল: saima_ummea@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**(দৃ: আ: উপসচিব, বাজেট-১৪)**
২। সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, ৯১, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই- বাংলা নগর, ঢাকা।
**(দৃষ্টি আকর্ষণঃ মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫)**
৭। মহাপরিচালক, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই- বাংলা নগর, ঢাকা।
৮। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
**(দৃষ্টি আকর্ষণঃ যুগ্মপ্রধান, পাবলিক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট রিফর্ম এবং শিল্প ও শক্তি উইং)**
৯। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই- বাংলা নগর, ঢাকা।
**(দৃষ্টি আকর্ষণঃ যুগ্মপ্রধান, সামষ্টিক ও প্রেক্ষিত পরিকল্পনা অনুবিভাগ)**
১০। চেয়ারম্যান, বিসিক, বিসিক ভবন, হোল্ডিং নং-৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
১১। অতিরিক্ত সচিব, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলানগর, ঢাকা।
১২। প্রকল্প পরিচালক, 'বিসিক মুদ্রণ শিল্পনগরী (২য় সংশোধিত)' বিসিক, বিসিক ভবন, হোল্ডিং নং-৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। যুগ্মসচিব (প্রশাসন), সম্মেলন কক্ষ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই- বাংলা নগর, ঢাকা (৩০ জন কর্মকর্তার আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
২। সদস্য মহোদয়ের একান্ত সচিব, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই- বাংলা নগর, ঢাকা।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ব্লক-১৩, কক্ষ-১৮, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সভার নোটিশটি পরিকল্পনা কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ )
৪। প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই- বাংলা নগর, ঢাকা।
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
শিল্প ও সমন্বয়-২ শাখা

**বিষয়ঃ পিইসি সভার কার্যপত্র।**

১। **প্রকল্পের নাম** : বিসিক মুদ্রণ শিল্প নগরী (২য় সংশোধিত)

২। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : শিল্প মন্ত্রণালয়

**বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

৩। **বাস্তবায়নকাল:**

| ডিপিপি'র ধরন | প্রকল্প শুরুর তারিখ | প্রকল্প সমাপ্তির তারিখ |
|---|---|---|
| মূল প্রকল্প | জানুয়ারি ২০১৬ | ডিসেম্বর ২০১৮ |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | জানুয়ারি ২০১৬ | ডিসেম্বর ২০১৯ |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | জানুয়ারি ২০১৬ | ডিসেম্বর ২০২০ |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | জানুয়ারি ২০১৬ | ডিসেম্বর ২০২১ |
| সংশোধিত (১ম) | জানুয়ারি ২০১৬ | ডিসেম্বর ২০২৪ |
| সংশোধিত (২য়- প্রস্তাবিত) | জানুয়ারি ২০১৬ | জুন ২০২৬ |

৪। **প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়):**

| | মূল অনুমোদিত ব্যয় | ১ম সংশোধিত অনুমোদিত ব্যয় | প্রস্তাবিত ২য় সংশোধিত ব্যয় | পার্থক্য | |
|---|---|---|---|---|---|
| | | | | টাকায় | শতকরা হার |
| জিওবি | ১৩৮.৭০ | ২৬৪.৫৫ | ৪৫৭.৯৫ | ১৯৩.৪০ | ৭৩.১১ % |
| **মোট** | **১৩৮.৭০** | **২৬৪.৫৫** | **৪৫৭.৯৫** | **১৯৩.৪০** | **৭৩.১১ %** |

৫৮

৫। প্রকল্পের অর্থায়ন (কোটি টাকায়):

| উৎস ও ধরণ | জিওবি | মোট |
|---|---|---|
| ঋণ (৬০%) | ২৭৪.৭৭ | ২৭৪.৭৭ |
| অনুদান (৪০%) | ১৮৩.১৮ | ১৮৩.১৮ |
| মোট | ৪৫৭.৯৫ | ৪৫৭.৯৫ |

৬। প্রকল্প এলাকা:

| বিভাগ | | জেলা | | উপজেলা/সিটি কর্পোরেশন/ পৌরসভা | |
|---|---|---|---|---|---|
| মূল/ সংশোধিত | | মূল/ সংশোধিত | | মূল | সংশোধিত |
| ঢাকা | ঢাকা | মুন্সীগঞ্জ | মুন্সীগঞ্জ | উপজেলা-সিরাজদিখান | উপজেলা-সিরাজদিখান |

৭। **চলতি ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তি ও বরাদ্দ:**

২০২৩-২৪ অর্থ বছরের এডিপিতে প্রকল্পটির অনুকূলে ৬২.৫০ কোটি টাকা বরাদ্দসহ অন্তর্ভুক্ত রয়েছে (এডিপি পৃষ্ঠা নং ৭৫ এবং ক্রমিক নং ১০)।

৮। **প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা:**

**উদ্দেশ্য:**

- ঢাকা শহর ও অন্যান্য স্থানে অপরিকল্পিতভাবে গড়ে উঠা মুদ্রণ শিল্প কারখানাসমূহ একটি সুবিধাজনক পরিবেশবান্ধব স্থানে স্থানান্তরসহ যাবতীয় সহযোগিতা প্রদান।
- বেসরকারি শিল্পোদ্যোক্তাদেরকে ৩৫৫টি (কম/বেশী) মুদ্রণ শিল্প স্থাপনে অবকাঠামোগত সুবিধা প্রদান।
- কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন, অর্থনৈতিক উন্নয়নকে গতিশীল করা এবং জিডিপিতে অবদান বৃদ্ধি করা।

**লক্ষ্যমাত্রা:**

শিল্পোদ্যোক্তা ও এলাকার জনগণ।

৯। প্রকল্পের মূল কার্যক্রম নিম্নরূপ:

| ক্রঃ নং | কার্যক্রম | লক্ষ্যমাত্রা |
|---|---|---|
| ১ | ভূমি অধিগ্রহণ (যাবতীয় ক্ষতিপূরণসহ) | ১০০ একর |
| ২ | ভূমি উন্নয়ন | ১৮৩৫২৯৪.৫২ ঘ:মি |
| ৩ | পাম্প ড্রাইভার কোয়ার্টার নির্মাণ | ২৭৬ বর্গমি: |
| ৪ | অফিস ভবন ও অন্যান (২য় তলা ভবন) নির্মাণ | ৯৯০ বর্গমি: |
| ৫ | রাস্তা নির্মাণ | ৮৪৪৩৪.৯৪ বর্গমি: |
| ৬ | কালভার্ট/ক্রস ড্রেন নির্মাণ | ৬৫৩ বর্গমি: |
| ৭ | ড্রেন নির্মাণ | ১৬১২৯ বর্গমি: |
| ৮ | গভীর নলকূপ ও পানি পরীক্ষা ও অন্যানসহ | ২ সংখ্যা |
| ৯ | পানির পাইপ লাইন (ফায়ার হাইড্রেন্ট পিটসহ) | ১৪৮৮৯ মি. |
| ১০ | বৈদ্যুতিক লাইন (বিদ্যুৎ এর ব্যয় প্রাক্কলন) | ১২ কি.মি |
| ১১ | সোলার প্যানেল স্থাপন | ১ প্যাকেজ |
| ১২ | প্রবেশ পথে গেইট ও অন্যান্য | ২ সংখ্যা |
| ১৩ | শিল্প নগরীর সীমানা প্রাচীর নির্মাণ | ৩১০৫ মিটার |
| ১৪ | পুকুরের প্যালাসাইডিং ওয়ার্কস | ১৩২১৫.৬১ ব.মি. |
| ১৫ | সলিড ওয়েষ্ট ম্যানেজমেন্ট/ডাম্পিং ইয়ার্ড | ২২১২ বর্গমি: |

১০। প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন: সংযোজনী-'ক'।

১১। প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয়:

প্রকল্পের শুরু জানুয়ারি ২০১৬ হতে জুন ২০২৩ পর্যন্ত সময়ে প্রকল্পের ক্রমপুঞ্জিত অগ্রগতি হয়েছে ৯২.২৪ কোটি টাকা (সংযোজনী-'খ')। আর্থিক অগ্রগতি ২০.১৪% এবং বাস্তব অগ্রগতি হয়নি।

১২। প্রকল্পের সংশোধনের কারণঃ

- জমি অধিগ্রহণে বিলম্ব;
- জেলা প্রশাসনের নিকট হতে প্রাপ্ত নতুন স্থানে চিহ্নিত জমির বর্ধিত মূল্য সংস্থানকরণ;
- পরিবর্তিত ১০০ একর জমির পরিমাণ অনুযায়ী বিভিন্ন অংগের পরিমাণ ও ব্যয় হ্রাস/বৃদ্ধিকরণ;
- পিডব্লিউডি রেট সিডিউল-২০২২ (সংশোধিত) অনুযায়ী পূর্ত কাজের ব্যয় প্রাক্কলন এর আলোকে সংশোধিত ডিপিপির ব্যয় প্রাক্কলণ করণ;
- প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি; এবং
- প্রকল্পের লে-আউট প্ল্যান সংশোধনকরণ।



৬৮

**১৩। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:**

দেশের মুদ্রণ শিল্পগুলোর একটি বড় অংশ পুরানো ঢাকার ঘনবসতিপূর্ণ এলাকায় অপরিকল্পিতভাবে গড়ে উঠেছে। জিডিপিতে অবদান রাখাসহ এসব শিল্প কারখানায় প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কয়েক লক্ষ শ্রমিক কাজ করছে। আবাসিক এলাকায় অপরিকল্পিতভাবে গড়ে উঠা এসব শিল্পগুলো বিভিন্নভাবে পরিবেশ দূষণ করছে। এসব মুদ্রণ শিল্পগুলো পরিবেশসম্মত স্থানে স্থানান্তরের জন্য বিসিক কর্তৃক সম্ভাব্যতা যাচাই করে 'বিসিক মুদ্রণ শিল্পনগরী' প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়।

প্রকল্পটি ২৯-০৩-২০১৬ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় মোট ১৩৮.৭০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় এবং জানুয়ারি ২০১৬ হতে ডিসেম্বর ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। শিল্প মন্ত্রণালয় কর্তৃক ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধি করে জানুয়ারি ২০১৬ হতে ডিসেম্বর ২০১৯ করা হয় এবং করোনা পরিস্থিতিতে একনেক কর্তৃক ব্যয় ব্যতিরেকে মেয়াদ ১ বছর বৃদ্ধি করে জানুয়ারি ২০১৬ হতে ডিসেম্বর ২০২০ করা হয়। পরবর্তীতে পরিকল্পনা কমিশন কর্তৃক ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ আরো ১ বছর বৃদ্ধি করে জানুয়ারি ২০১৬ হতে ডিসেম্বর ২০২১ করা হয়। বিসিক মুদ্রণ শিল্প নগরী (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি ২৬৪.৫৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জানুয়ারি ২০১৬ হতে ডিসেম্বর ২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক ১৬ আগস্ট ২০২২ তারিখে অনুমোদিত হয়। এক্ষনে প্রকল্পের ব্যয় ৭৩.১১% বৃদ্ধি করে মোট ৪৫৭.৯৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জানুয়ারি ২০১৬ হতে জুন ২০২৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পের ২য় সংশোধন প্রস্তাব করা হয়েছে।

**১৪। পরিকল্পনা কমিশনের মতামত:**

১৪.১ ২০১৬ সালে প্রকল্পটি অনুমোদিত হয়েছে। এ পর্যন্ত আর্থিক অগ্রগতি হয়েছে ২০.১৪% অথচ কোন বাস্তব অগ্রগতি হয়নি। এ সম্পর্কে সভায় আলোচনা করা যেতে পারে;

১৪.২ প্রকল্পের ২য় সংশোধনের কারণ সম্পর্কে সভাকে অবগত করতে হবে;

১৪.৩ প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণের বর্তমান অবস্থা সম্পর্কে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন;

১৪.৪ প্রস্তাবিত ডিপিপিতে ভূমি অধিগ্রহণ (যাবতীয় ক্ষতিপূরণসহ) ব্যয় ১২১.০৭ কোটি টাকা থেকে ১৭.৩৮ কোটি টাকা বৃদ্ধি পেয়ে মোট ১৩৮.৪৫ কোটি টাকা হয়েছে এবং শিল্প নগরীর সীমানা প্রাচীর ব্যয় ২০.১৬ কোটি টাকা থেকে ২০.৫৯ কোটি টাকা বৃদ্ধি পেয়ে মোট ৪০.৭৫ কোটি টাকা হয়েছে। এসকল ব্যয়ের যৌক্তিকতা সম্পর্কে সভাকে অবহিত করতে হবে;

১৪.৫ ভূমি উন্নয়ন খাতে কাজের পরিমাণ একই হলেও ব্যয় ৫৩.৬৪ কোটি টাকা থেকে ৩৯.৩১ কোটি টাকা বৃদ্ধি করে মোট ৯২.৯৬ কোটি টাকা করা হয়েছে যা অত্যাধিক বলে মনে হয়। এ বিষয়ে প্রকল্প পরিচালক সভায় ব্যাখ্যা প্রদান করতে পারেন;

১৪.৬ প্রবেশ পথে গেইটে ১টির পরিবর্তে ২টি করা হয়েছে, এতে ব্যয় ৪৯.৩৬ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ১.৫৩ কোটি টাকা করা হয়েছে। গেইট নির্মাণের জন্য কেন এতো বিপুল পরিমাণ ব্যয় বরাদ্দের প্রয়োজন তা বোধগম্য নয়। এ সম্পর্কে সভায় আলোচনা করা প্রয়োজন;

১৪.৭ প্রস্তাবিত ডিপিপি'তে রাস্তা নির্মাণ খাতে ব্যয় ১৯.১৮ কোটি টাকা থেকে ২১.৫৩ কোটি টাকা বৃদ্ধি করে মোট ৪০.৭২ কোটি টাকা এবং কালভার্ড/ক্রস ড্রেন নির্মাণ খাতে প্রাক্কলিত ব্যয় ১.৪০ কোটি টাকা থেকে ২.৬৭ কোটি টাকা বৃদ্ধি করে মোট ৪.০৭ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে। এসকল ব্যয় বৃদ্ধির প্রস্তাব অত্যধিক মর্মে প্রতিয়মান হয়। যা যৌক্তিকভাবে কমাতে হবে;

১৪.৮ কালভার্ট/ড্রেন ২৭টি থেকে বৃদ্ধি করে ৬৫৩ ব.মি. করা হয়েছে। এখাতে একক পরিবর্তনের কারণ বোধগম্য নয়। পিইসি সভায় এর ব্যাখ্যা প্রদান করতে হবে;

১৪.৯ মটর সাইকেল (১২৫ আরসিসি) ১টি যার ব্যয় ১.৪০ লক্ষ টাকা এবং কমন শেড নির্মাণ যার ব্যয় ২০০.০০ লক্ষ টাকা যা নতুন করে সংযোজন করা হয়েছে। এর কারণ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন;

১৪.১০ এছাড়াও ডিপিপি প্রস্তাব পানির পাইপ লাইন খাতে ২.৫৬ কোটি টাকা, সীমানা প্রাচীর নির্মাণ খাতে ২০.৫৯ কোটি টাকা, বৈদ্যুৎতিক লাইন স্থাপন খাতে ৩৪.৮৪ কোটি টাকা, সোলার প্যানেল খাতে ০.০৯ কোটি টাকা এবং সলিড ওয়েষ্ট ম্যানেজমেন্ট/ডাম্পিং ইয়ার্ড খাতে ১.৩০ কোটি টাকা বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে, যা অত্যধিক বলে মনে হয়। এসকল ব্যয় সম্পর্কে সভায় আলোচনা পূর্বক যৌক্তিকভাবে কমাতে হবে;

১৪.১১ ডিপিপিতে পরিবেশগত ছাড়পত্র ফি বাবদ ব্যয় প্রাক্কলন ৪.০০ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ৭.০০ লক্ষ টাকা করা হয়েছে। এ ছাড়পত্রের বর্তমান অবস্থা সম্পর্কে সভাকে অবহিত করতে হবে; এবং

১৪.১২ সর্বোপরি ডিপিপি ব্যয় সংক্রান্ত টেবিলগুলো ফন্ট অত্যন্ত ছোট হওয়ায় খালি চোখে দেখা দূরুহ হয়ে পরে এক্ষেত্রে টেবিলের ফন্ট সাইজ বৃদ্ধি করা যেতে পারে।

(জান্নাত-উল-ফেরদৌস)
যুগ্মপ্রধান
শিল্প ও সমন্বয় উইং
শিল্প ও শক্তি বিভাগ
পরিকল্পনা কমিশন